দৈনিক
# জনকণ্ঠ

তারিখ ... 25 APR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

## বাংলাদেশ ভার্সিটিতে পাঁচ দিনব্যাপী এ্যাডমিশন ফেয়ার

বাংলাদেশ ইউনিভার্সিটিতে ৫ দিনব্যাপী সামার সেমিস্টারে এ্যাডমিশন ফেয়ার রবিবার শুরু হয়েছে। ইউনিভার্সিটির মোহাম্মদপুরের নিজস্ব ক্যাম্পাসে রবিবার সকালে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সেক্রেটারি ইঞ্জি. এম. এ. গোলাম দস্তগীর। এ সময় উপস্থিত ছিলেন উক্ত ভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর গোলাম রহমান, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধানগণ, রেজিস্ট্রার মেজর নিয়াজ মোহাম্মদ খানসহ (অব) বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী। ফেয়ার চলাকালীন ইউনিভার্সিটির সামার সেমিস্টারে বিভিন্ন বিভাগে ভর্তিচ্ছুক ছাত্রছাত্রীরা তাদের এসএসসি ও এইচএসসি ফলের ওপর সর্বনিম্ন ৫% থেকে সর্বোচ্চ ১০০% কোর্স ফি মওকুফ ছাড়াও অতিরিক্ত ৫ এবং ১০ হাজার টাকা মওকুফে ভর্তির সুযোগ পাবেন।-বিজ্ঞপ্তি